

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mofl.gov.bd

নম্বর-৩৩.০০.০০০০.১০৮.১১.০৪৫.২৩(অংশ-২)-৪২৮

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২
২৯ এপ্রিল ২০২৫

নিয়োগপত্র

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভূক্ত 'সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর' পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১৩তম গ্রেডে (১১০০০-১১৫৫০-১২১৩০-১২৭৪০-১৩৩৮০-১৪০৫০-১৪৭৬০-১৫৫০০-১৬২৮০-১৭১০০-১৭৯৬০-১৮৮৬০-১৯৮১০-২০৮১০-২১৮৬০-২২৯৬০-২৪১১০-২৫৩২০-২৬৫৯০/-টাকার স্কেলে) নিম্নবর্ণিত প্রার্থীগণকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	রোল নম্বর	নিজ জেলা
০১	জনাব মোঃ লুৎফর রহমান, পিতা: ইফতেকার হোসেন মাতা: নাদেরা জামান গ্রাম: লক্ষীপুর (দক্ষিণ পাড়া), ডাকঘর: ভবেরচর- ১৫১০, ওয়ার্ড নং-০৯, উপজেলা: গজারিয়া, জেলা: মুন্সীগঞ্জ।	১১০০০২৯৬	মুন্সীগঞ্জ
০২	জনাব জসিম সরদার, পিতা: মেহের সরদার, মাতা: মনোয়ারা বেগম, গ্রাম: গাঁড়াল, ডাকঘর: রামকোল-৭৭২১, ওয়ার্ড নং-০৬, উপজেলা: পাংশা, জেলা: রাজবাড়ী।	১১০০১১৩৩	রাজবাড়ী

নিয়োগের শর্তাবলি:

- (১) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
 - (২) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;
 - (৩) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;
 - (৪) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;
 - (৫) চাকরিতে তাদের জ্যেষ্ঠতা বিধিমোতাবেক নির্ধারিত হবে;
 - (৬) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদ এবং ডোপটেস্ট রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও ডোপটেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
 - (৭) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
 - (৮) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০২। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৪/০৫/২০২৫ তারিখে যুগ্মসচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভবন নং-৬, কক্ষ নং-৫১৬) বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

স্বাঃ

সৈয়দা সাদিয়া নূরীয়া
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮১১৭

ইমেইল: administration2@mofl.gov.bd

অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন/ব্লু-ইকোনমি/ সমন্বয় ও আইসিটি/পরিকল্পনা/প্রাণিসম্পদ/মৎস্য/বাজেট ও নিরীক্ষা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
- ৮। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
- ৯। উপসচিব(সচিবালয় নিরাপত্তা শাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নেতুন নিয়োগপ্রাপ্তদের-কে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
- ১০। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা (ডিডিও), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (নবনিযুক্ত কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের অনুরোধসহ)।
- ১৪। জনাব
-
-
- ১৫। অফিস কপি/মাস্টার ফাইল।



সৈয়দা সাদিয়া নূরীয়া
সিনিয়র সহকারী সচিব